দৈনিক ইত্তেফাক

তারিখ
পৃষ্ঠা ৩ কলাম ৪

SEP 17 2002

# ছাত্রদলকে ঢেলে সাজানোর জন্য ব্যাপক শুদ্ধি অভিযান শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রদলে শুদ্ধি অভিযান শুরু হয়েছে। সংগঠনের নতুন কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির উদ্যোগে সারাদেশে ছাত্রদলকে ঢেলে সাজানোর উদ্দেশ্যে এবং সাংগঠনিকভাবে ছাত্রদলকে শক্তিশালী করার জন্যই এ অভিযান শুরু হয়েছে। শুদ্ধি অভিযানের মাধ্যমে ছাত্রদলের ৮৪টি শাখা থেকে বয়স্ক, বিবাহিত, অছাত্র নেতৃবৃন্দকে বাদ দিয়ে (৫ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ছাত্রদলে শুদ্ধি

(৩য় পৃঃ পর)

বয়সে তরুণ এবং নিয়মিত ছাত্রদেরকে নেতৃত্বে আনা হবে। হাওয়া ভবনের প্রত্যক্ষ তত্ত্বাবধানে এ অভিযান আগামী কয়েক মাস ধরে চলবে। শুদ্ধি অভিযান সফল করতে কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির ৩১ সদস্যকে নিয়ে ৬টি বিভাগের জন্য ৬টি টিম গঠন করা হয়েছে। আজ মঙ্গলবার থেকে জেলায় জেলায় এই টিমগুলো যাবে এবং কার্যক্রম শুরু করবে। প্রত্যেক টিমে একজন করে সংগঠনের সাবেক কেন্দ্রীয় নেতা রয়েছেন। এই টিমগুলো বিভাগ এবং জেলা সফর করে বাস্তব অবস্থা পর্যবেক্ষণ ও মূল্যায়ন করে একটি রিপোর্ট তৈরী করবে এবং কেন্দ্রীয় কমিটির সভায় সেই মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করা হবে। কমিটিগুলোর মাধ্যমে ঢাকা বিভাগের নেতৃত্বে থাকবেন ছাত্রদল আহ্বায়ক সাহাবুদ্দিন লাল্টু, সদস্য হিসাবে থাকবেন শহিদুল ইসলাম বাবুল, এসএম জিলানী। সাবেক ছাত্র নেতাদের মধ্যে থাকবেন শহীদউদ্দিন চৌধুরী এমপি এবং আবুল খায়ের ভুঁইয়া এমপি। খুলনা বিভাগে এবিএম মোশাররফ হোসেন, জয়ন্ত কুমার কুণ্ডু, সাইফুল ইসলাম ফিরোজ, আসাদুজ্জামান মুরাদ, সাবেক ছাত্র নেতা হিসেবে রিজভী আহমেদ; চট্টগ্রাম বিভাগে মনির হোসেন, রেহেনা আক্তার রানু, হারুনুর রশীদ হারুন, মোক্তার আহমেদ, সাবেক ছাত্র নেতা ইলিয়াস আলী এমপি; রাজশাহী বিভাগে আজিজুল বারী হেলাল, ফরহাদ হোসেন আজাদ, আব্দুল কাদের জুয়েল, সাবেক ছাত্র নেতা খায়রুল কবীর খোকন ও নাজিমউদ্দিন আলম এমপি; সিলেট বিভাগে আব্দুল বারী ড্যানি, সেলিমুজ্জামান সেলিম, শামসুজ্জামান মেহেদী, শাম্মী আক্তার, সাবেক ছাত্র নেতা হাবিব-উন-নবী সোহেল এবং বরিশাল বিভাগে সুলতান সালাউদ্দিন টুকু, নূরুল ইসলাম নয়ন, হায়দার আলী লেলিন, হাসান মামুন, সাবেক ছাত্র নেতা ফজলুল হক মিলন এমপি। সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর প্রকৌশল বিশ্ববিদ্যালয়, হাজী দানেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং সিলেট মহানগরী শাখাকে জেলা শাখায় রূপান্তরিত করা হবে।

### ছাত্রদলের ঢাকা ভার্সিটি শাখার দুই নেতাকে অব্যাহতি

ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার দুই নেতাকে সংগঠনের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে। উক্ত দুই নেতা হলেন সংগঠনের জিয়া হল শাখার সাংগঠনিক সম্পাদক জাভেদ মিয়া এবং মুহসীন হল শাখার যুগ্ম সম্পাদক মাছুদ রানা। গত রবিবার ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক শফিউল বারী বাবুর সভাপতিত্বে বিশ্ববিদালয় শাখার এক সভায় এ সিদ্ধান্ত হয়।